নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
মানব সম্পদ বিভাগ
বেগমগঞ্জ, নোয়াখালী

নম্বর ২৭.১২.৭৫০৭.৫৩১.০২.০০৮.২১.১৯৭৫

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৮
০৫ ডিসেম্বর ২০২১

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **"আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"**

নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতিতে অফিস সেক্রেটারী এর শূন্য পদ পূরণের লক্ষ্যে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী **"কম্পিউটার অপারেটর"** গণের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (A-4 সাইজের কাগজে) স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**পদের নাম: অফিস সেক্রেটারী**

**আবেদন করার নিয়মাবলী :**

আবেদনকরীকে খামের উপরে পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। এছাড়াও আবেদনপত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) চাকুরীতে প্রথম নিয়মিত করনের তারিখ এবং (ড) কম্পিউটার অপারেটর পদে পদোন্নতি ও নিয়মিত করনের তারিখ উল্লেখ পূর্বক আগামী ১৮/১২/২০২১ খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ১০:০০ ঘটিকায় নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য নোয়াখালী পবিস-এর সদর দপ্তর, বেগমগঞ্জ, নোয়াখালী-তে স্বশরীরে উপস্থিত থাকতে হবে। উল্লেখ্য যে, যাবতীয় কাগজপত্রাদি সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার/সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সাক্ষাতকারে অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

**প্রার্থীর যোগ্যতা :**

(ক) কম্পিউটার অপারেটর পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।
(খ) প্রতি মিনিটে কমপক্ষে টি ইংরেজী ৬০ ও বাংলায় ৪০ শব্দ নির্দেশ (ডিক্টেশন) গ্রহণে সক্ষম হতে হবে।
(গ) প্রতি মিনিটে কমপক্ষে ৩৫ (পঁয়ত্রিশ) টি ইংরেজী ও ৩০ (ত্রিশ) টি বাংলা শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।
(ঘ) কম্পিউটার উইন্ডোজ অপারেটিং সিষ্টেম সম্পর্কিত জ্ঞান থাকতে হবে।
(ঙ) সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ এর সেকশন-এ তে উল্লিখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে।
(চ) সংশোধিত পবিস নির্দেশিকা অনুযায়ী সর্বশেষ ০৩ বৎসরের কর্মমূল্যায়নের ন্যূনতম গড় রেটিং ৩.৫০ থাকতে হবে।
(ছ) নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি-এর কর্মচারী চাকুরী বিধি-১৯৯২, সংশোধিত-২০১২ এবং ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।
(জ) বাংলা ও ইংরেজী ব্যাকরণসহ বানান, বিরাম চিহ্ন ব্যবহার ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।
(ঝ) সম্পাদিত কার্যাদি সুবিন্যস্থ ও পরিষ্কারভাবে উপস্থাপনের দক্ষতা থাকতে হবে।
(ঞ) দাপ্তরিক চিঠিপত্র, তথ্যাদি রিপোর্ট ইত্যাদি নথিভুক্ত করণের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।
(ট) দর্শনার্থীদের সাথে সৌজন্যমূলক ও মাধুর্যপূর্ণ আচরণ করার ক্ষমতা থাকতে হবে।

**শর্তাবলী:**

০১॥ আবেদন ফরমের সাথে সিনিয়র জেনারেল ম্যানেজার /জেনারেল ম্যানেজার কর্তৃক প্রার্থীর বিগত ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিবরণ (যদি থাকে); সর্বশেষ ০১ বৎসরের মধ্যে লঘুদন্ড, ০৩ (তিন) বৎসরের মধ্যে কোন গুরুদন্ড, ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে একাধিক গুরুদন্ড, ০৪ (চার) বৎসরের মধ্যে একবার গুরুদন্ড, একবার লঘুদন্ড এবং ০৩ (তিন) বৎসরের মধ্যে একের অধিক লঘুদন্ড প্রাপ্ত হয়নি এবং বর্তমানে বিভাগীয় তদন্ত চলমান নাই মর্মে প্রত্যয়নপত্র, অনাপত্তির সনদপত্র সহ পদোন্নতি প্রদানের জন্য সুস্পষ্ট সুপারিশ, বর্তমান পদে যোগদান ও চাকুরী নিয়মিত করণ পত্রের ফটোকপি, সাম্প্রতিক কালের তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, পদোন্নতির জন্য সংশোধিত নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণের ফলাফলের

সত্যায়িত ফটোকপি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি, বিগত ০৩ (তিন) বৎসরের কর্মমূল্যায়নের ফটোকপি যা এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

০২॥ সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী প্রার্থীর বেতন ভাতাদি সংরক্ষণ করা হবে।

০৩॥ পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র পবিসের ভৌগোলিক এলাকার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

০৪॥ নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য চলতি দায়িত্ব পদে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্ব চলাকালীন কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে।

০৫॥ অত্র সমিতির কর্মচারী (গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) বা সমিতির কর্মচারী (গণ)-এর স্বামী/স্ত্রীর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) এবং একইভাবে সমিতি বোর্ডের এলাকা পরিচালক/মহিলা এলাকা পরিচালক (গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) একই সমিতিতে কোনো নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হবেন না বা আবেদন করতে পারবেন না।

০৬॥ কোন প্রার্থী তথ্য গোপন করে বর্ণিত পদে পদোন্নতি প্রাপ্ত হওয়ার পর পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে পবিস কর্মচারী চাকুরী বিধির আলোকে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭॥ নির্বাচনী পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৮॥ যে কোন আবেদন এবং এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত।

০৯॥ শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয় নিস্পত্তির ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৫-১২-২০২১
প্রকৌ. মোঃ গোলাম মোস্তফা
জেনারেল ম্যানেজার

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়): (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)

১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণ অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
৩) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
৪) একান্ত সচিব, সদস্য (সমিতি ব্যবস্থাপনা) এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
৬) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, নোয়াখালী
৭) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.......................................পবিস-১/২/৩/৪
৮) ডিজিএম-কবিরহাট/চাটখিল/সেনবাগ/সোনাইমুড়ী/কোম্পানীগঞ্জ/সোনাপুর/সুবর্ণচর জোনাল অফিস, কারিগরী- সদর দপ্তর, নপবিস।
৯) এজিএম (ওএন্ডএম) (রুটিন দায়িত্ব), জেনারেল ম্যানেজার এর কার্যালয়, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
১০) সকল বিভাগীয় প্রধান, নপবিস।
১১) জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১), আইটি বিভাগ, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
১২) নোটিশ বোর্ড/ওয়েব সাইট (www.pbs.noakhali.gov.bd), নোয়াখালী পবিস।